

বিজ্ঞপ্তি

এতদ্বারা জেলার সমস্ত কৃষকদের জানানো হচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার, কৃষি বিভাগের পক্ষে ২০১৫-১৬ আর্থিক বর্ষে নিম্নলিখিত প্রকল্পগুলির মাধ্যমে কৃষকদের মধ্যে কৃষি যান্ত্রিককরণের জন্য বিভিন্ন যন্ত্রপাতি সনুখ ভাগ ভরতুকি ব্যবস্থার মাধ্যমে বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ নীচে দেওয়া হল -----

ক. ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ছোট কৃষি যন্ত্রপাতি ক্রয় করিবার এককালীন সহায়তা প্রকল্প

এই প্রকল্পে রাজ্য সরকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ছোট কৃষি যন্ত্রপাতি ক্রয় করিবার জন্য সনুখ ভাগে ভরতুকি বাবদ টাকা-৫০০০/- (পাঁচ হাজার টাকা) দেবেন।

অনুমোদিত ছোট কৃষি যন্ত্রপাতির তালিকা -----

- ১) মানুষ চালিত স্প্রেয়ার
- ২) মানুষ চালিত ধান ঝাড়াই মেশিন
- ৩) কোনো উইডার/প্যাডি উইডার/হুইল হো/নেইল উইডার
- ৪) ড্রাম সিডার
- ৫) পি.ভি.সি. ডেলিভারি পাইপ সেচের কাজের জন্য
- ৬) বীজ শোধনের ড্রাম
- ৭) বীজ গোলা/বীজ বিন
- ৮) শী মার্কার
- ৯) মানুষ চালিত সিড ড্রিল

খ. কৃষি যান্ত্রিককরণের জন্য অর্থনৈতিক সহায়তা প্রকল্প

এই প্রকল্পে রাজ্য সরকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি ক্ষেত্রে যান্ত্রিককরণের জন্য সনুখ ভাগে ভরতুকি বাবদ টাকা-১০০০০/- (দশ হাজার টাকা) থেকে টাকা-১০০০০০/- (এক লক্ষ টাকা) পর্যন্ত অর্থনৈতিক সহায়তা দেবেন।

অনুমোদিত কৃষি যন্ত্রপাতি ও তার ভরতুকি পরিমানের তালিকা -----

- | | |
|--|---------------|
| ১) ট্রাক্টর - ২০ এইচ.পি. উপর থেকে ৪০ এইচ.পি. পর্যন্ত - | টাকা-১০০০০০/- |
| ২) পাওয়ার টিলার - ৮ এইচ.পি. এবং তার উপর - | টাকা-৬০০০০/- |
| ৩) সেনফ প্রপেন্ড পাওয়ার রিয়ার - | টাকা-৫০০০০/- |

স্বাক্ষর
২০/১২/১৫

৪) সেলফ প্রপেল্ড প্যাডি ট্রান্সপ্লান্টার -	টাকা-৭৫০০০/-
৫) ট্রাক্টর চালিত জিরো টিল সিড কাম ফার্টিলাইজার ড্রিল -	টাকা-১৫০০০/-
৬) মাল্টি ক্রপ থ্রেশার/প্যাডি থ্রেশার -	টাকা-৪০০০০/-
৭) পাম্প সেট ১.৫ এইচ.পি. থেকে ৪০ এইচ.পি. (বি.আই.এস./আই.এস.আই সংশ্লিষ্ট) ইলেকট্রিক/কেরোসিন ছাড়া যে কোন জ্বালানীতে চালিত -	টাকা-১০০০০/-
৮) স্প্রিংকলার সেট -	টাকা-১০০০০/- প্রতি হেক্টর
৯) রোটাভেটর -	টাকা-৩৫০০০/-
১০) পাওয়ার স্প্রেয়ার ১৬ লিটারের উপর -	টাকা-১০০০০/-
১১) আলু প্লান্টার -	টাকা-৫০০০০/-
১২) চীনা বাদাম ডিগার -	টাকা-৫০০০০/-

গ. পশ্চিমবঙ্গ সরকার, কৃষি বিভাগের অধীনে কষ্টম হয়ারিং সেন্টার স্থাপনের উদ্দেশ্যে গ্রামীণ উদ্যোগীদের জন্য ঋণ যুক্ত ভরতুকি প্রকল্প


প্রকল্পের উদ্দেশ্য -----

এই প্রকল্পে গ্রামীণ কৃষকরা বিশেষতঃ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা চাষের প্রয়োজনে সরকার নির্দিষ্ট সমস্ত কৃষি যন্ত্রপাতি নির্দিষ্ট ভাড়া ব্যবহার করার জন্য এই কষ্টম হয়ারিং সেন্টার থেকে ভাড়া নিতে পারবেন।

কষ্টম হয়ারিং সেন্টার গঠনের নিয়ম / নীতি -----

- * প্রকল্প ব্যয় - ন্যূনতম টাকা ১০ (দশ) লক্ষ
- * সরকারি ভরতুকি - প্রকল্প ব্যয়ের ৪০ শতাংশ সর্বাধিক টাকা ২৪ (চব্বিশ) লক্ষ
- * ব্যাংক ঋণ - প্রকল্প ব্যয়ের ৩৫ শতাংশ
- * নিজস্ব মূলধন - প্রকল্প ব্যয়ের ২৫ শতাংশ

বিশদে জানার জন্য আপনার ব্লকের সহ কৃষি অধিকর্তার সাথে যোগাযোগ করুন



উপ কৃষি অধিকর্তা
(প্রশাসন)

দক্ষিণ ২৪ পরগণা